



দুর্গাপূজা ২০২৩

শক্তির আরাধনায় ভারত সমিতির সদস্যবৃন্দ



Sri Sri Durgapuja-Fest 2023 vom 20.10. bis 24.10.2023, am Pariser Platz 1 Bezirksrathaus, Köln Chorweiler, Tel.:
02 21 - 22 19 63 30 Indischer Kulturverein (Bharat Samiti) e.V. Köln-Deutschland www.durgapuja.de



„In 2021, Durga Puja in Kolkata was included in the
UNESCO Representative List of the Intangible
Cultural Heritage of Humanity.“

Cover picture by Tansu Karmakar, Kolkata.
প্রচ্ছদ শিল্পী তংসু কর্মকার, কলকাতা।



Durga Puja Programm – Broschüre 2023

INHALTSVERZEICHNIS

Einladung und Begrüßung, Arunava Choudhury, Präsident

Grußwort von Frau Henrietta Reker, Oberbürgermeisterin des Stadt Köln

Grußwort Herr B.S. Mubarak, Indisches Konsulat-Frankfurt

Matteo und Luca Vazzana: Indien ist auf dem Mond! (Gemälde von unserem kleine Mitglieder)

Programm des Durpaguja-Fest 2023 auf Deutsch

Programm des Durpaguja-Fest 2023 auf Bengalisch

Rishav Kundu: Gemälde von unserem kleine Mitglieder

Jonas Sanjay Bühner: Gemälde von unserem kleine Mitglieder

Lena Anjali Bühner: Gemälde von unserem kleine Mitglieder

Mohar De: Amar Pujo

Aheer Sarkar: Gemälde von unserem kleine Mitglieder

Kumortuli to Köln: in Fotos (Anindya & Enakshi Sengupta)

Chaudhuri Champ, Mr. Kar-tastic, Subh Deylight, Gupta Genius & AI: Fish Fry with a Smell of Friendship

Satviki Jana: Frauen (Gemälde von unsere junge Mitgliederin)

Soumi Chakraborty: Purono Sae Diner Kotha

Rückblick Teil 1 (2022)

Santa Bit: Tomake Chai

Yaksana Roksar: Bibikhana Pitha

Oishi Chakraborty: Durga Puja

Bharat Samiti in den Medien

Ajay Mitra: Amar Durga

Purbita Chakraborty: Why Do I Keep Coming Back To Cologne for Durga Puja

Sukanya Chakraborty: Utsav

Tanz, Lieder und Rhythmus durch Bilder

Sayan Mukhopadhyay: A Durga Puja Journey

In Bilder - Bharat Samiti beim Internationalen „Fest der Kulturen“ in Köln-Chorweiler 2023

Rajkrishna Paul: The Soft Silence

Dipa Pashte: Mandala Art


Anindya Sengupta: Ami Sri Sri Bhojohori Manna

Rückblick Teil 2 (2022)

Die Küche des Pujos



या देवी सर्वभूतेषु शक्तिरूपेण संस्थिता ।
नमस्तस्यै नमस्तस्यै नमस्तस्यै नमो नमः ॥
या देवी सर्वभूतेषु शक्तिरूपेण संस्थिता ।
नमस्तस्यै नमस्तस्यै नमस्तस्यै नमो नमः ॥
या देवी सर्वभूतेषु लक्ष्मीरूपेण संस्थिता ।
नमस्तस्यै नमस्तस्यै नमस्तस्यै नमो नमः ॥





Dear Members, Dear Friends of Bharat Samiti,

We are happy that in 2023, we can once more celebrate our Durga Puja - Cologne at our Durga Puja's home in Cologne- Chorweiler.

This year a new Bharat Samiti management board was elected with new members in Subhabrata Dey (Vice-President), Gautam Kar (Treasurer) and Anindya Sengupta (Cultural Coordinator) joining me in running our organisation across the year with the highlight being our Durga Puja festivities. I would like to thank Partha Sarathi Patra for his dedicated management board work over the last few years!

These times are not easy and therefore we at Bharat Samiti are very happy that we can continue to organise one of Europe's oldest and biggest Durga Puja festivities!

The work that this new team has put in with the support of our members, friends and well-wishers over the last few months is just incredible, so we all can have an enjoyable Durga Puja in Cologne.

At our annual Durga Puja festivities in the fall, we, like millions of Hindus around the world, celebrate the arrival of the goddess Durga as the destroyer of evil and the protector of good. It is the celebration of the return of the goddess Durga on earth, which symbolizes the victory of good over evil.

At this point a big thank you goes out to all the helpers, sponsors as well as the members and friends of Bharat Samiti who help us with donations or who sacrifice their free time for volunteer work. Without your personal contribution, the organization and implementation of the Durga Puja festival would not be possible.

This year again we need to mention the point of finance. The cost of organising our Durga Puja in Cologne has gone up as everything else in life. We do hope you will support our Durga Puja with a generous donation, so we can continue to celebrate in the coming years.

We will be celebrating our Durga Puja from October 20 to 24, 2023 at the Bezirksrathaus in Cologne-Chorweiler together.

Do come and join us in our celebrations!

Arunava Choudhury

President, Indischer Kulturverein (Bharat Samiti) e.V.



Sehr geehrte Gäste des Kölner Durga Puja Festes,

die Stadt Köln ist eine vielfältige und offene Stadt. Menschen aus über 180 Nationen sind hier Zuhause. Auch der Hinduismus – als eine der großen Welt-Religionen – ist in Köln beheimatet.

Ich freue mich, dass der Indische Kulturverein (Bharat Samiti) auch in diesem Jahr wieder zum Durga Puja-Fest nach Köln einlädt. Wie jedes Jahr finden die bunten Festtage mit Tanz, Gebeten, geweihten Speisen und Blumenopfern im Bürgerzentrum in Köln-Chorweiler statt.

Durga ist eine der Hauptgöttinnen des Hinduismus, die, wie es der Mythos besagt, die Welt vor dem Untergang gerettet und über das Böse gesiegt hat. Außerdem verkörpert sie die kosmischen Kräfte, alles Wissen und den Frieden.

Das Durga Puja-Fest ist wichtig für unsere Stadt und die Menschen, die aus der ganzen Welt zu diesem Anlass anreisen. Ein Fest des Friedens, liebe Mitglieder des Kulturvereins, das ist in diesen Zeiten ein besonders wichtiges Zeichen. Ich danke Ihnen herzlich, dass Sie uns an dieser hinduistischen Tradition teilhaben lassen und unseren interkulturellen Veranstaltungskalender Jahr für Jahr mit dem Durga Puja-Fest bereichern.

Ich wünsche Ihnen ein schönes Durga Puja mit anregenden Gesprächen.

Henriette Reker

Henriette Reker
Oberbürgermeisterin der Stadt Köln



भारत का प्रधान कॊसुल
फ्रैंकफर्ट



CONSUL GENERAL OF INDIA
FRANKFURT


MESSAGE

On the auspicious Durga Puja 2023 occasion, I compliment the esteemed members of Bharat Samiti e.V., Cologne and convey heartiest congratulations for the joyous celebration of the Durga Puja festival.

Through Durga Puja celebration, Bharat Samiti association has always been bringing together various Indian communities and their German friends of Cologne, which symbolizes the Indian tradition of oneness of all.

The significance of the festival of Durga Puja is victory of truth and enlightenment. May this festive occasion bring peace, harmony, love and prosperity among the various Indian communities in their host country - Germany.

It has always been the purpose and pleasure for the Consulate General of India in Frankfurt to be associated all times with the Indian associations and contribute to the well-being of Indians in Germany.


(B.S. Mubarak)
Consul General
19.10.2023



2 TAX & FINANCE WORKSHOPS

BY OUR SPONSORS NEKK & PARTNER

FIND THEM AT THE PUJA

SATURDAY 21.10. - 3.30 PM

SUNDAY 22.10. - 3.30 PM



&

nekk
& partner



Dear Bharat Samiti,

It is with great pleasure that we, at nekk & partner, extend our warmest greetings to you as we look forward to the upcoming 2023 Durga Puja celebration.

We have been privileged to witness the incredible work and cultural significance that the Bharat Samiti brings to the community through the annual Durga Puja event. Your dedication to preserving and sharing the rich traditions and heritage of India is truly commendable.

As part of our ongoing commitment to supporting and enriching the community, we are delighted to confirm our sponsorship for the 2023 Durga Puja organized by the Bharat Samiti Club. We believe that cultural events like these play a crucial role in fostering unity, understanding, and appreciation of diverse traditions, which in turn strengthens our bonds as a community.

We are excited to be a part of this celebration, and we look forward to witnessing the vibrant festivities, cultural performances, and the spiritual journey that the Durga Puja represents.

Please do not hesitate to reach out and find us at our workshops on Saturday and Sunday, our during the event for a tea and a chat.

Thank you for your unwavering commitment to preserving and sharing India's rich cultural heritage. We are proud to be associated with the Bharat Samiti and are eager to celebrate this auspicious occasion with you.


All the best,

Joshua P. Stein
Expat Consultant at Nekk & Partner






Matteo und Luca Vazzana



India is on the Moon!





Indischer Kulturverein - Bharat Samiti e.V.

Programm des 32-jährige Durga Puja 2023, Köln

Bürgerzentrum Chorweiler, Pariser Platz 1, 50765 Köln

Freitag, 20. Oktober, Sashthi

16:00 Uhr	<i>Bodhan : Erwachen der Göttin Drurga</i>
17:00 Uhr	<i>Sashthi Puja : Lebenseinweihung</i>
18:00 Uhr	<i>Kultur Programm I</i>
18:30 Uhr	<i>Ansprachen Ehrengästen (opening speech by chief guest)</i>
19:00 Uhr	<i>Prasad Bitaran Austeilen der geweihten Speisen</i>
20:00 Uhr	<i>Kultur Programm II</i>

Samstag, 21. Oktober, Saptami

12:00 Uhr	<i>Saptami Puja : Gebet</i>
13:00 Uhr	<i>Anjali : Blumenopfer</i>
13:30 Uhr	<i>Prasad Bitaran Austeilen der geweihten Speisen</i>
17:00 Uhr	<i>Puja und Arati : Abendgebet</i>
18:00 Uhr	<i>Kulturprogramm Teil I</i>
19:00 Uhr	<i>Prasad Bitaran Austeilen der geweihten Speisen</i>
20:00 Uhr	<i>Kulturprogramm Teil II</i>

Sonntag, 22. Oktober, Ashtami

12:00 Uhr	<i>Ashtami Puja : Gebet</i>
13:00 Uhr	<i>Anjali : Blumenopfer</i>
13:30 Uhr	<i>Prasad Bitaran Austeilen der geweihten Speisen</i>
17:00 Uhr	<i>Puja und Arati : Abendgebet</i>
18:00 Uhr	<i>Sandhi Puja</i>
18:30 Uhr	<i>Kulturprogramm Teil I</i>
19:00 Uhr	<i>Prasad Bitaran Austeilen der geweihten Speisen</i>
20:00 Uhr	<i>Kulturprogramm Teil II</i>

Montag, 23. Oktober, Nabami

12:00 Uhr	<i>Nabami Puja : Gebet</i>
13:00 Uhr	<i>Anjali : Blumenopfer</i>
13:30 Uhr	<i>Prasad Bitaran Austeilen der geweihten Speisen</i>
17:00 Uhr	<i>Puja und Arati : Abendgebet</i>
18:00 Uhr	<i>Kulturprogramm Teil I , Bharat Samiti Ansprachen</i>
19:00 Uhr	<i>Prasad Bitaran Austeilen der geweihten Speisen</i>
20:00 Uhr	<i>Kulturprogramm Teil II</i>

Dienstag, 24. Oktober, Dashami

13:00 Uhr	<i>Dashami Puja : Abschiedsgebet, Sindur Khela : Farben Spiel, Shantir Jal : Weihwasser</i>
14:00 Uhr	<i>Prasad Bitaran Austeilen der geweihten Speisen</i>



Indischer Kulturverein - Bharat Samiti e.V.

দুর্গাপূজা ২০২৩ এর অনুষ্ঠানসূচী

Bürgerzentrum Chorweiler, Pariser Platz 1, 50765 Köln

শুক্রবার, ২০এ অক্টোবর, ষষ্ঠী

বিকাল ৪টা	বোধন
বিকাল ৫টা	ষষ্ঠী পূজা
সন্ধ্যা ৬টা	সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান পর্ব ১
সন্ধ্যা সাড়ে ৬টা	অতিথিবরণ ও উদ্বোধনী সম্ভাষণ
সন্ধ্যা ৭টা	প্রসাদ বিতরণ ও সান্ধ্যভোজ
সন্ধ্যা ৮টা	সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান পর্ব ২

শনিবার, ২১এ অক্টোবর, সপ্তমী

বেলা ১২টা	সপ্তমী পূজা
দুপুর ১টা	অঞ্জলি
দুপুর দেড়টা	প্রসাদ বিতরণ ও মধ্যাহ্নভোজ
বিকাল ৫টা	পূজা ও সন্ধ্যারতি
সন্ধ্যা ৬টা	সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান পর্ব ১
সন্ধ্যা ৭টা	প্রসাদ বিতরণ ও সান্ধ্যভোজ
সন্ধ্যা ৮টা	সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান পর্ব ২

রবিবার, ২২এ অক্টোবর, অষ্টমী

বেলা ১২টা	অষ্টমী পূজা
দুপুর ১টা	অঞ্জলি
দুপুর দেড়টা	প্রসাদ বিতরণ ও মধ্যাহ্নভোজ
বিকাল ৫টা	পূজা ও সন্ধ্যারতি
সন্ধ্যা ৬টা	সন্ধি পূজা
সন্ধ্যা সাড়ে ৬টা	সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান পর্ব ১
সন্ধ্যা ৭টা	প্রসাদ বিতরণ ও সান্ধ্যভোজ
সন্ধ্যা ৮টা	সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান পর্ব ২

সোমবার, ২৩এ অক্টোবর, নবমী

বেলা ১২টা	নবমী পূজা
দুপুর ১টা	অঞ্জলি
দুপুর দেড়টা	প্রসাদ বিতরণ ও মধ্যাহ্নভোজ
বিকাল ৫টা	পূজা ও সন্ধ্যারতি
সন্ধ্যা ৬টা	সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান পর্ব ১, ভারত সমিতির ধন্যবাদজ্ঞাপন
সন্ধ্যা ৭টা	প্রসাদ বিতরণ ও সান্ধ্যভোজ
সন্ধ্যা ৮টা	সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান পর্ব ২


মঙ্গলবার ২৪এ অক্টোবর, দশমী

বেলা ১২টা	দশমী পূজা, সিঁদুর খেলা, শান্তির জল
দুপুর ১টা	প্রসাদ বিতরণ ও মধ্যাহ্নভোজ




Rishav Kundu, 6

নীল আকাশে মেঘের ডেলা
কাশ বনেতে লাগলো দোলা
দুগ্গা এলো, দুগ্গা এলো
পুজোর গন্ধে মন মাতাল।।





Jonas Sanjay Bühner, 6






महिषासुरनिर्नाशि भक्तानां सुखदे नमः .
रूपं देहि जयं देहि यशो देहि द्विमो जहि।।

Lena Anjuli Bühner, 9



আমার পূজা

মোহর দে



২০১৭ সালে অস্ট্রিয়া থেকে যখন জার্মানি এসেছিলাম, প্রথম খোঁজ নিয়েছিলাম কাছকাছি কোথায় দুর্গা পূজা হয়। বিদেশে এসে সব বাঙালিদের প্রাণ মনে হয় এই একটা উৎসবের জন্য ঠিক আকুল হয়। বছর শেষে একবার মায়ের দেখা পাওয়ার আশার আলো আমাদের সবাইকে ঠিক পথ দেখিয়ে পূজা মন্ডপে এনে হাজির করে।

ছোটবেলায় কলকাতার পূজা অনেকটাই আলদা ছিল। নতুন জামার গন্ধ আর কয়েকদিন পড়াশোনা বন্ধ থাকার উত্তেজনাই ছিল প্রবল। কাগজ কাকুকে আগে থেকেই আনন্দমেলা আর শুকতারার বায়না করে রাখা হত। তখনও মহালয়া থেকে ঠাকুর দেখে যাওয়ার হিরিক ছিল না। পূজোর কটা দিন পরিবারের সবাই হই হুল্লোড় করে মজা করা আর মূলত কাছে পিঠের ঠাকুর দেখতে যাওয়া হত। রাস্তার ফুচকা, রোল, ঘুগনি না খাওয়ার চোখ রাঙানি ঐ কটা দিনের জন্য নিত বিরতি। একটা দিন বরাদ্দ ছিল দূরের ঠাকুর দেখতে যাওয়ার- উত্তর থেকে দক্ষিণে। রান্নাঘর থেকে ভেসে আসত সুঘ্রাণ আর মশলা বাটার আওয়াজ। দৈনন্দিন জীবনের বাইরে গিয়ে বিশেষ পদ তৈরি হত যে। আর ছিল আড্ডা, কটা ঠাকুর দেখা হলো তাই নিয়ে বন্ধুদের সাথে ছিল একটা চাপা প্রতিযোগিতা। একটু বড়ো হলে ষষ্ঠীর দিনটা অনুমতি মিলে ছিল বন্ধুদের সঙ্গে ঘুরতে যাওয়ার।

কিন্তু কোন পূজোর একটা অংশ হয়ে ওঠার অভিজ্ঞতা, আমার জার্মানিতে এসেই প্রথম। এখানে এসেই ভারত সমিতির আন্তরিকতায় মুগ্ধ হয় সদস্য হয়ে গেছিলাম। একটা দুর্গা পূজা কে ঘিরে যে কি ভীষণ কর্মকাণ্ড চলে, খুব কাছ থেকে দেখছি বলেই জানতে পারছি। সব কিছুর উঠতি মূল্য বৃদ্ধির মধ্যেও আমরা আমাদের পূজোর ঐতিহ্য বজায় রেখেছি। এখনও এখানে কোনো বাধ্যতামূলক প্রবেশমূল্য নেই, নেই কোন রেজিস্ট্রেশন ফি বা ফুড কুপন ফি। মায়ের আশীর্বাদ, অঞ্জলি আর ভোগ প্রসাদ থেকে বঞ্চিত হন না কেউই। সমিতির কর্ম কর্তারা খেতে বসেন সবার শেষে, “অতিথি দেব ভবঃ “ এটাই যে আমাদের বিশ্বাস। অনেক পূজোতে দেখেছি সমিতির সদস্য ছাড়া সাংস্কৃতিক কোন অনুষ্ঠানেই যোগদান সম্ভব হয় না। আমাদের এখানে সবাইকে খোলা আমন্ত্রণ জানানো হয়, সুযোগ আর মঞ্চ দেওয়া হয় নিজেদের প্রতিভার সুপ্রকাশের। রীতি নীতি, নিঘণ্ট মেনে করা হয় মাতৃ বন্দনা। গত ৩২ বছর ধরে এক প্রজন্ম থেকে আর এক প্রজন্মে এই ঐতিহ্য হস্তান্তরিত হয়ে চলেছে। পাঁচ দিন ধরে অক্লান্ত পরিশ্রম চলে অন্দরের এর রান্নাঘরে। ব্যবস্থায় যেন থেকে না যায় কোন ত্রুটি। কাজটা কিন্তু মোটেও সহজ নয়। নাচ, গান, খাওয়া দাওয়া, আর এখানকার হইচই আমাকে ফিরিয়ে নিয়ে যায় সেই ছোটবেলায়। এখনও সেই একই ঝড়ের গতিতে কেটে যায় পাঁচটা দিন, আমার প্রিয়জনেরদের সাথে পূজোর আনন্দের রঙ মেখে। কোলন থেকে চলে এসেছি ফ্রাঙ্কফুর্ট, কিন্তু আমার কাছে পূজা মানে “ভারত সমিতি”, ১৫০ কিমি পথ অতিক্রম করতেও তাই কখনো ক্লান্ত লাগে না..

সমাপ্ত






Aheer Sarkar, 6



কুমোরটুলি




to

কোলন

Courtesy: Anindya & Enakshi Sengupta







Wishing You a Happy Durga Puja 2023





Hotel Waldesruh
Waldhotel Unterbach

Ihre Gastgeber in Düsseldorf

www.mallickhotels.com


*We wish you a
Happy Durga Puja*

Pialy & Tim Mallick



Fish Fry with a Smell of Friendship

Chaudhuri Champ, Mr. Kar-tastic, Subh Deylight, Gupta Genius & AI



Once upon a time, in a small coastal town, there lived a lady named Sarah. Sarah was known for her exceptional culinary skills, especially when it came to making fish fry. Every year, the town held a grand festival where locals and tourists gathered to celebrate their love for seafood.

Excitement filled the air as the festival drew near, and Sarah eagerly planned to showcase her famous fish fry at the event. However, disaster struck when she discovered that the raw materials for the fry wouldn't arrive until 21:00 the day before the festival. Sarah was disheartened because there was no time left for preparation.

Determined not to let her community down, Sarah put her thinking cap on. She reached out to her four closest friends, Olivia, Charlotte, Anna, Sofia who were equally passionate about cooking. Sarah explained her predicament and asked for their help.

With the clock ticking, the friends came together, even Charlotte's little daughter Layla joined them, ready to tackle the frozen fish challenge. They brainstormed ideas and quickly decided to defrost the fish using cold and warm water. Working in unison, they cleaned, marinated, and seasoned the fish to perfection, infusing it with their collective culinary expertise.

The aroma of spices filled the kitchen, and Sarah's house buzzed with excitement as the friends prepared the fish fry late into the night. Finally, after hours of hard work, the moment of truth arrived. With trepidation and anticipation, they tasted their creation. To their delight, the fish fry turned out to be a masterpiece. The flavours danced on their tongues, and the crispy coating was a delight to behold.



They shared a collective cheer, knowing they had accomplished something incredible against all odds. The day of the festival arrived, and Sarah and her friends set up their stall with pride. Word had already spread about their miraculous feat, and people flocked to their stand, eager to taste the legendary fish fry.



One by one, guests devoured the succulent fish, their taste buds rejoicing in the symphony of flavours. The praises echoed through the festival grounds as the fish fry became the talk of the town. Sarah and her friends were no longer just talented cooks; they had become local celebrities overnight.

As the festival drew to a close, Sarah and her friends couldn't help but feel a sense of accomplishment. Their determination, teamwork, and unwavering passion had not only saved the day but had also brought joy to the entire community. From that day forward, they would forever be known as the culinary heroes who turned a frozen fish into a festival sensation.






**Women
by Satviki Jana**



পুরানো সেই দিনের কথা



সৌমি চক্রবর্তী

গ্রামের নাম বামুনগাঁ। নাম বামুনগাঁ হলেও বামুন মাত্র দুই ঘর। গাঁয়ের বাইরেই ইছামতী নদী। দিনটা শুক্রবার, চক্রবর্তী বাড়িতে সকাল থেকেই হৈঁচৈ হৈঁচৈ হচ্ছে, এ বাড়ির মেজমেয়ে আশালতাকে আজ পাত্রপক্ষ দেখতে আসবে। সকাল থেকেই জোগাড়যন্ত্র চলেছে, বিভিন্ন রকম খাবারদাবার বানানো হচ্ছে।

আশালতা পড়েছে মহাবিপদে, কিছুতেই আজ খেলতে যেতে দেয়নি তার ঠাকুমা, বন্ধুরা ডেকেডেকে ফিরে গেছে। জোর করে চুল বেঁধে দিয়েছেন পিসিমা, একটা পাঠ-ডাঙা শাড়ি পড়িয়ে দিয়েছেন, আবার সঙ্গে কিছু গয়নাও। কিন্তু সারাদিন দস্যিপনা করে বেড়ানো বছর বারো আশালতা পালাতে পারলে বাঁচে, পুকুরপাড়ে কাঁচামিঠে আমগাছটা তাকে টানছে। সুযোগও এসে গেল পালানোর, এদিক ওদিক দেখল কেউ নেই, পেছনের দরজা দিয়ে সোজা দৌড়- একেবারে খামল এসে পুকুর পাড়ে, দেখল বন্ধুরা সবাই গাছে ওঠার তোড়জোড় করছে। কাপড়টাকে কোমরে জড়িয়ে আশা উঠে পড়ল গাছে। হঠাৎ বৃষ্টি এল, গাছ থেকে নেমে সব দৌড়ল নদীর দিকে। হঠাৎ দূর থেকে দেখল একটা নৌকা আসছে তিনচারজন লোক নিয়ে। তীরে এসে ভিড়তে নৌকা থেকে নামল তারা বামুনগাঁর ঘাটে।

নামতেই বিপত্তি, তিনজনের মধ্যে যে সবথেকে কমবয়সী সে আছাড় খেলো কাদায়- যতবার উঠতে যায়, ততবারই হড়কে যাচ্ছে সে, শেষে অনেক কষ্ট করে উঠে দাঁড়াল ছেলেটা, কাদায় মাখামাখি। হেসে গড়িয়ে পড়ল আশালতা, কিছুতেই আটকাতে পারছেন না তার হাসি। এর মধ্যেই চোখাচোখি হল ছেলেটির সঙ্গে, সদ্য যৌবনপ্রাপ্ত মনেপ্রাণে কিশোরী আশালতা লজ্জায় চোখ নামিয়ে নিল। ছোটভাইয়ের ডাকে মনে পড়ল আশালতার যে আজ তাকে দেখতে আসবে পাত্রপক্ষ, ভয়ে তখন সে আধমরা - বাড়ি ফিরে তার জন্য ভীষণরকম বকুনি অপেক্ষা করছে, পিঠেও পড়তে পারে দুএক ঘা।

যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়, দুরুদুরু বুকে বাড়ি চুকতেই সামনে পিসিমা। কোনো কথা না বলে চুলের মুঠি ধরে নিয়ে গেলেন ঘরে, বললেন "দেখে যাও আশার মা, তোমার খিঙ্গিমেয়ের অবস্থা দেখো, উনি বৃষ্টিতে ভিজে কাদা মেখে বাড়ি ফিরেছেন। এখুনি ব্যানাজীবাবুরা এসে পড়বেন, কি হবে কে জানে?" পিঠে একঘা পড়ত, কিন্তু তখনই জ্যাঠামশাই বাড়ির বাইরে থেকে হাঁক পাড়লেন যে ব্যানাজীবাবুরা এসে পড়েছেন।



আশার একঢাল ভিজে চুল নিয়ে জেঠিমা আর পিসিমা কিকরে বাঁধবেন বুঝতে পারছেননা, তখনই পাত্রপক্ষ পাত্রীকে দেখতে চাইল। কোনোরকমে আশালতাকে নতুন করে সাজিয়ে নিয়ে পিসিমা নিয়ে গেলেন বাইরের ঘরে। আনত মুখে গিয়ে বসল আশালতা। অনেকরকম প্রশ্নোত্তর পর্ব চলার পর একবার মুখ তুলতেই দেখল একজোড়া চোখ তাকে একদৃষ্টে দেখে যাচ্ছে, মুখটা নামিয়ে নিল সে। আর একবারও লজ্জায় মুখ তুলতে পারলনা আশা, জড়োসড়ো হয়ে বসে রইল।

কিছুক্ষণ পর তাকে ভিতরে যেতে বলা হতে যেন হাঁফ ছেড়ে বাঁচল আশালতা। সেদিনের মতো পাত্রীদেখা মিটল, যাবার আগে অবশ্য পাত্রপক্ষ জানিয়ে গেল মেয়ে তাদের পছন্দ হয়েছে, আর খুব শিগগিরই তারা বিয়ের দিন ঠিক করে জানাবে। বাড়িতে খুশির জোয়ার, মেয়ের বিয়ে বলে কথা। বিকেলে বন্ধুদের সাথে বেড়িয়েছে আশা, হঠাৎ দেখে পুকুরপাড়ের কদমগাছতলায় কে যেন দাঁড়িয়ে, দূর থেকে তাকেই লক্ষ্য করছে। বন্ধুদের চোখের আড়ালে চিরকালের ডানপিটে আশা সাহস করে এগিয়ে যায় গাছতলায়, খানিকটা এগোতেই পা আটকে যায় তার লজ্জায়, সামনেই দাঁড়িয়ে সেই মানুষটা যার সাথে আজ বারবার চোখাচোখি হচ্ছে তার। আবার লজ্জায় মুখ নিচু করে আশালতা, বলে, "আপনি? খুব অন্যায় হয়েছে আমার হাসা, দয়া করে আমার বাবাকে বলবেন না, আমি খুব লজ্জিত আমার ব্যবহারে।" ছেলেটি টুক করে হাতটি ধরে আশালতার, প্রথম পুরুষের প্রথম ছোঁয়ায় শিউরে ওঠে আশা, আনত মুখে চেষ্টা করতে থাকে হাতটা ছাড়ানোর। ছেলেটি বলে ওঠে, "ঠিক আছে বলব না, কিন্তু কথা দিতে হবে তোমাকে, যে সারাজীবন আমার সাথে আমার ঘরনী হয়ে থাকতে হবে।"

ভয়ে চোখে জল এসে যায় তার বলে, "আমার যে বিয়ে ঠিক হয়ে গেছে।" মিচকে হেসে ছেলেটি বলে, "আমিই সেই রাঘবেন্দ্র ব্যানাজী, যার সাথে তোমার বিয়ে ঠিক হয়েছে।" লজ্জায় লাল হয়ে যায় আশালতা, তার অবস্থা দেখে হেসে ফেলে বছর কুড়ির রাঘবেন্দ্র, তার চোখের দিকে তাকিয়ে আশালতাও হেসে ফেলে, ঠিক এই সময়ে গাছ থেকে একটা কদমফুল পড়ে আশালতার মাথায়। রাঘবেন্দ্র আর আশালতার প্রথম শুভদৃষ্টির সাক্ষী হয়ে থাকে এই কদমফুল। এই বলে গল্প শেষ করেন আশি বছরের অশীতিপর বৃদ্ধা আশালতাদেবী। তাঁকে ঘিরে বসে থাকা নাতিনাতিরা হাততালি দিয়ে ওঠে, তাঁর ছোট নাতি বলে ওঠে, "ঠাম্মা তাহলে ওটাই ছিল তোমাদের 'প্রথম কদমফুল'।" সবাই হেসে ওঠে। আশালতা দেবী ধরা গলায় গান ধরেন "পুরানো সেই দিনের কথা"।।







ফিরে দেখা (2022)!














তোমাকে চাই



সাত্তা বিট



বৃষ্টি এখন ঝোড়ো না গো
যাও না পাশের বাড়ি
ছেলে মেয়ে তৈরী করে
ধরতে হবে গাড়ি।

বৃষ্টি তোমায় চাই না এখন
আমার অনেক কাজ
শাশুড়ি আর ডাক্তার
করতে হবে আজ।।

বৃষ্টি তুমি পরে এসো
আজ বড়ই কাজের ঠেলা
ওনার ক্লাবের বন্ধুরা
সব খাবেন সন্ধ্যাবেলা।।

ছেলেবেলার কত কথা
প্রাণ করে আনচান।

বৃষ্টি তোমার মনে আছে?
সে ঝরাবাদলের দিনে
দুটি প্রাণ এক হলো
তোমরা দুষ্টমিতে।

বৃষ্টি তুমি এসো তখন
একা আমি থাকবো যখন।
তোমার পরশ
আমার গায়ে
আনবে রোমাঞ্চন।
তুমি, আমি, মধুর স্মৃতি
মাতবো কিছুক্ষন।

সমাপ্ত





२



AGENTUR LÄUTEK

#wiebeifreunden

Versicherungspartner des indischen Kulturvereins

Allianz Agentur • David Läutek e.K.


Kölner Str. 23 • 42897 Remscheid

02191 - 56 57 58 0 • info@laeutek.de

Wir wünschen ein gutes DURGA PUJA!



বিবিখানা পিঠা



ইয়াকসানা বোকসার

আমার দাদার বাড়ি, আমার শেকড় বিক্রমপুরের ঐতিহ্য বিবিখানা পিঠা। তাই মনে হয়েছে এই ঐতিহ্য যদি একবার নিজের হাতে না বানাতে শিখি মনে একটা দুঃখ থেকেই যাবে। নিজের হাতে সব আয়োজন করেছি সুগন্ধী চাল গুঁড়ো থেকে শুরু করে দুধ ঘন।

বিবিখানা পিঠা বানানো একটু কঠিন বটে। তাই ভয়ে ভয়ে কাজ শুরু করলাম। বিবিখানা পিঠাকে বাদশাহী পিঠাও বলে কারন এর উপকরণ হিসেবে থাকে নারকেল, গুড়, সুগন্ধী চালের গুঁড়া, ঘন দুধ/দুধের মালাই আর ঘি। এসবই সুস্বাদু ও সমৃদ্ধ উপকরণ। যখন বানাতে শুরু করেছি তখনই বুঝলাম ঐতিহাসিক কেন, পুরো ঘর মিষ্টি ঘ্রাণে মৌ মৌ করছে।

এখন বলি বিবিখানা পিঠার ইতিহাস:

বাঙালির ঐতিহ্যবাহি কেক যার নাম বিবিখানা পিঠা। এটি শতাব্দী প্রাচীন গ্রামীণ বাংলার (স্বাধীনতা পূর্ববর্তী বাংলাদেশ ও পশ্চিমবঙ্গ একত্রিত) রান্নাঘরে তৈরি হতো। 'বাংলার মাটির স্বাদে পিঠা' বলা হয়ে থাকে বিবিখানাকে কারন এটি চালের গুঁড়া দিয়ে তৈরী হয়। প্রাচীন গ্রামীণ রান্নাঘরে পোড়া কয়লার তাপে বানানো হতো বিবিখানা পিঠা।

সাধারণত পৌষ সংক্রান্তিতে বৎসরের প্রথম ধান কাটার দিনে যেমন পিঠাপুলির আয়োজন ছিল তেমনি নানা পিঠার ইতিহাস পড়লে আমরা জানতে পারি বাঙালি গ্রামীণ জীবনে উৎসবকে কেন্দ্র করে নানা পিঠার আবিষ্কার।



ঠিক তেমনই বাংলার গ্রামীণ নারীদের হাত ধরে এসেছিল বিবিখানা পিঠা। বিবিখানা পিঠার আয়োজন ছিল শুধু মাত্র বিয়ের আনুষ্ঠানিকতায়। বিক্রমপুরের ঐতিহ্য বিয়ের পর নতুন বউদের প্রথম দিন শ্বশুড়বাড়িতে রান্নাঘরের যাত্রা শুরু হতো এই মিষ্টি বিবিখানা পিঠা বানানো দিয়ে। পুরোনো দিনে বলা হয়ে থাকত এই পিঠা দিয়ে নতুন বউয়ের রান্নাঘরের দক্ষতা যাচাই করা হতো। তাই এর নাম বিবিখানা পিঠা।

আর একটি ঐতিহ্য, এই পিঠা সাধারণত বিক্রমপুরের মানুষরা কিন্ত ছুরি দিয়ে কাটে না। বিবিখানা পিঠা কাটা হয় বটি দিয়ে।

খাওয়ার সময় উপরে একটু গুড় ছড়িয়ে, নারকেল, বাদাম দিয়ে খেলে অসাধারণ লাগে! মুখে দেওয়া মাত্রই গলে যায়।





Durga Puja

COME AND GATHER 'ROUND,
AS WE EAT AND SING AND DANCE.
AND SPIRITS JOIN OUR EARTHBOUND SOULS,
AS WE LAUGH AND TALK AND PRANCE.

AND AS THE NIGHT CREEPS UPON US,
OUR LITTLE WORLD IS AGLOW.
WITH SKIRTS SWISHING AND ANKLETS CHIMING,
WE PERFORM SHOW AFTER SHOW.

CAN YOU FEEL THE BUZZ OF EXCITEMENT,
LIKE WORKER BEES IN THE SPRING?
AND CAN YOU FEEL THE LAUGHTER,
AND THE JOY THIS FESTIVAL BRINGS?

SO COME AND JOIN US, ALL ARE WELCOME,
AND DANCE FROM DUSK TILL DAWN.
AND WATCH AS THE DANCERS MOVE,
AS GRACEFUL AS A SWAN.

- *Dishi Chakraborty*





Bharat Samiti in Media

Media Courtesies: Aishwarya Paul Bag and Mohar De

দুর্গাপূজোর প্রেম

শান্তা বিট

প্রকাশ: বৃহস্পতিবার, ১৯ অক্টোবর, ২০২৩



এই শহর

দুর্গার সামনে চন্দ্রযান ৩-এ গলিবেশনে শো কচিকাঁচা

পুজোর দিনে

শো কচিকাঁচা পুজোর দিনে একটি গুরুত্বপূর্ণ রীতি। এতে পুজারীরা পুজারীকে স্নান করান এবং তাদের মুখের পানি পান করেন। এটি পুজারীকে স্নান করানোর একটি গুরুত্বপূর্ণ রীতি। এতে পুজারীরা পুজারীকে স্নান করান এবং তাদের মুখের পানি পান করেন। এটি পুজারীকে স্নান করানোর একটি গুরুত্বপূর্ণ রীতি।

পূজো ABROAD

রেডি নন এসি ই

মাটা খুনে ছেলের ভ্রব্যেই অসঙ্গতি

কুমোরটুলি থেকে সিদ্ধাপুর হয়ে প্রতিমা আসছে কোলনে

ঠাকুরদালান

মেঘের মেঘ

কুমোরটুলি থেকে সিদ্ধাপুর হয়ে প্রতিমা আসছে কোলনে। ঠাকুরদালান মেঘের মেঘ।

মজা, কোলকাতা জৈসা

এশ্বর্যা পাল বাগ

জার্মানির নদী রাইন কে কিনারে পর, সিদ্ধ শহর কোলোন, হালাকি লিপিড হই, লেঙ্কিন অর্পনে শ্রেষ্ঠ রাজ্যের কে লিগে তৈয়ারি কর রহা হৈ। দুই দ্বিতীয় বিশ্বযুদ্ধ কা অম আজ। গৃহ রহা হৈ। ইস বর্ষ, ইস কোলোন হর মে, ভারত সমিতি নে ২ সালে সে দুর্গা পূজা কা যৌজন কিয়া হৈ। কোলোন কে বংগালী বাসী দুর্গা পূজা কা যৌজন করত হৈ। যর্হা, ৭ পূজা কা আয়োজন ৭-স্টাফ করত হৈ, পরলো ১ দিনতী করত হৈ।

লুন্বি, আল্‌ এরদম, লবরা, সিব্রভ্রী, আল্‌গোটোল্‌ এর ডোল্মা আদি জৈসে বিখিন ডিরোস হোতী হৈ। দশমী কে সিন্দুর খেল কে বাদ, সব লোগ বিরয়ানী কা আর্নদ লেনে কে লিগে এক সাথ আত হৈ, যহ পূজা কা মহত্বপূর্ণ হিসসা হোতা হৈ। হমারে সমিতি কী মৌ, ধার্মী অীর ধামধী ইসকী তৈয়ারী কর্টেনে।



কোলোন মঁ দুর্গা পূজা অনুষ্ঠ হৈ; যহ মনী মঁ একমাত্র বড়ী পূজা হৈ। যর্হা পড়মী শাহরী কে লোগ ইসে দেখনে তে হৈ, সাথ হী নীদরলৈড, বেল্‌জিয়ম, ক্‌জমবর্গ, স্পেন অীর অন্য বিখিন গাঁ কে অর্চিয়ী কে সাথ, বিখিন মর্ন শাহরী কে নিয়াসিয়ী কে বাদ। ৩ দিন সে নীবে দিন তক, হর দিন ক সাংস্কৃতিক সংগীত সংস্থা যৌজিত কী জাতী হৈ। ইস সাংস্কৃতিক অ্যা কা লগমগ এক মর্হীন তক রী রখা জাতা হৈ। পূজা কে দরীন বংগালী লোগী কা ানা পীনা এক অনুষ্ঠ অনুভব হোতা। ইস বর্ষ কী পূজা কে লিগে খ্রানী

দিন কে দরীন এক স্ক্রক কার্টার ধী খুলো রহতা হৈ, জিসমঁ ঙ্গালমুরী, মুগনী, ঞায, আল্‌কবলী, শিগায জৈসে লাজবাব অর্জন হোত হৈ। আনে ঞাল পাঁচ বর্ষী কে লিগে মূর্দিয়াঁ কুমোরটুলী সে লার্মী জাতী হৈ। ইসকে অলাবা, হমারে পূজা কা এক অীর আকর্ষণ হৈ, জিসকা নাম হৈ পূজাঅর্ধিকী। ইসকা নাম মাতুব্দনা হৈ। ছোট্টে আসমান অীর খিলেতী হুগ কাশা ফুল পূজা কে সমাপন কী স্কিনতক হোত হৈ, মাঁ আতী হৈ। পূজা মঁ লগমগ ৫০ লোগ মিলকর কাম করত হৈ, এক মানব ধুঁখলো বনাত হৈ অীর নাম পড়ত হৈ। কোলকাতা কে বাগজাজ



পায়েল সামন্ত
২৭ সেপ্টেম্বর, ২০২৩ ১৪:১১:১০

জার্মানির কোলন থেকে কলকাতা, দুর্গাপূজোর আন উৎসব যেন একসূত্রে গাঁথা



প্রাধান্য দিয়ে যেমন আসছে গ্রামের মেয়েদের হাতের কা এই পূজোর এবার পৌরোহিত্য করবেন একজন নারী। বিখ্যাত বিদ্যালয়ের দর্শন বিভাগের বিশিষ্ট অধ্যাপিকা লিলি ভৌমিকের মহিলা-পুরোহিত দলের একজন গুরুত্বপূর্ণ বেদ-বোশা-উপনিষদ ছাড়াও সংস্কৃত-বাংলা সাহিত্যে গভীর পড়াশোনায় মগ্ন এই পুরোহিত দল ব্রাহ্মণ-অগ্রাণ জাত-ধর্ম-বর্ণ ভেদাভেদ মুছে দিয়ে আরাধনা করেন শি এই প্রথম নেদারল্যান্ডসে আসছে নারায়ণশিলা, মহিলা-নারায়ণশিলা এনে অর্চনা করবেন দেবী দুর্গার।


জার্মানিতে দুর্গা

জার্মানিতে দুর্গাপূজা হয় প্রচুর, কিন্তু কোলন শহর থেকে একটি বিশাল আয়োজনের কথা জানালেন এগাফী সেনগুপ্ত। এই পূজো শুরু হয়েছে ১৯৯২ সালে; সংগঠনের নাম 'ভারত সমিতি'। এখনও পর্যন্ত সেই একই জায়গার 'কোর ওয়াইলার' কমিউনিটি হলে যোগ দিচ্ছেন অসংখ্য মানুষ। প্রায় এক হাজার মানুষ আসেন পূজোর সময়। জার্মানির বাইরেও বিভিন্ন দেশ থেকে মানুষ ভিড় করেন; এই কোলন শহরটি যেহেতু অনেকগুলো দেশকে জুড়ে রেখেছে, কাজেই নেদারল্যান্ডস, বেলজিয়াম, সুইৎজারল্যান্ড থেকে, জার্মানির অন্যান্য শহর থেকে দু'শো-আড়াইশো কিলোমিটার গাড়ি চালিয়ে মানুষ আসেন। কাছাকাছি হোটেলের কয়েক দিন কাটিয়ে তাঁরা ফিরে যান। এই পূজো কিন্তু প্রবাসের অন্যান্য পূজোর



আমার দুর্গা

অজয় মিত্র



দুর্গা দিদি, দুর্গা দিদি, আমার ঘুড়িটা রানা দাদা কেটে দিলো। একরাশ দুঃখ নিয়ে ভারাক্রান্ত মুখে দোতলার নেড়া ছাদের আলসের সামনে দাঁড়িয়ে, একনাগাড়ে চিৎকার করে যাচ্ছে অপু। অপূর সব সমস্যা, আবদার দিদির কাছে বলা চাই, দিদি তার সব কিছুর মুশকিল আসান।

দুর্গা, রান্নাঘরে, মা কে সাহায্য করছিলো, অপূর চিৎকার শুনে বেরিয়ে এসে বললো, অপু তুই নিচে চলে আয়, আমি তোর ঘুড়ি আত্তে যাচ্ছি, এই বলে দুর্গা একছুটে তিনটে বাড়ি পেরিয়ে রানাদের বাড়ির তিনতলার ছাদে হাজির। রানা তখনও ছাদে ঘুড়ি ওড়াচ্ছে।

দুর্গা: ঘুড়ি ওড়ানো কি মজার না রানাদা?

রানা: হাঁ বে, আমি তো খুব এনজয় করি।

দুর্গা: অন্যের ঘুড়ি কাটতে ভালো লাগে তোমার?

রানা: হাঁ , দারুন লাগে, কাটাকাটি আমার খুব ভালো লাগে।

দুর্গা: তোমার ঘুড়ি যখন কেটে যায় তখন কেমন লাগে?

রানা: একটু কষ্ট হয় , কিন্তু আমি দমি না, পরেরটা ওড়াই

দুর্গা: আর যাদের একটাই ঘুড়ি আছে, তারা কি করে রানাদা?

এই প্রশ্নের জন্য রানা প্রস্তুত ছিল না, কি বলবে বুঝতে পারছে না।

দুর্গা কিন্তু খামলো না, যেন রানাদা, তুমি চাও সবার ঘুড়ি গুলো কেটে দিয়ে এই গোটা আকাশে তুমি একাই ঘুড়ি ওড়াবে, এই গোটা আকাশটা কি তোমার একার? আমরা সবাই তো আকাশ দেখি, এতো বড় আকাশে একটা ঘুড়ি উড়লে সেটা কি দেখতে ভালো লাগবে? অনেক গুলো আর অনেক রঙের ঘুড়ি যখন পাশাপাশি ওড়ে, কি ভালো লাগে দেখতে, মনে হয় অনেক রঙের নাম না জানা পাখিরা, একসাথে মনের আনন্দে ডানা মেলে উড়ে যাচ্ছে।

একসাথে থেকেও তো আনন্দ করা যায়।



দুর্গার কথা শুনতে গিয়ে, ঘুড়ির থেকে মন চলে গেলো, ঘুড়িটা নিচের দিকে একটা গোত্তা মেবে গাছে আটকে গেলো। লাটাই এ সুতো গোটাতে গোটাতে রানা বললো তুই ঠিক ই বলেছিস দুর্গা, কাটাকাটি না করেও তো ঘুড়ি ওড়ানো যায়, আনন্দ টা তো হয় ঘুড়ি উড়িয়ে, কাটাকাটি করে নয়।

দুর্গা চলে যাচ্ছিলো, রানা ওর হাতে দুটো ঘুড়ি দিয়ে বললো এগুলো অপুকে দিয়ে দিস।

আজকের সমাজে এমন কটা দুর্গা আছে যারা সত্যি কথা সহজ ভাবে বলতে পারে? না খুব বেশি নেই। সত্যি শব্দটাই হয়তো আর কিছু বছর পর একটা বিরলতম শব্দ হিসাবে বিবেচিত হবে।

মনোরমা আর স্বপন এর প্রথম সন্তান দুর্গা যখন পৃথিবীতে এলো, স্বপনের মা বলেছিলেন, এ আমার মা দুর্গা, আমাদের অনেক ভাগ্য উনি আমাদের ঘরে এসেছেন। কথাটা উনি আবেগে বলেছিলেন ঠিকই, কিন্তু এ মেয়ে সত্যিই অন্যরকম, সবার সাথে মিশতে পারে, সবার সাথে আনন্দ ভাগ করে নিতে পারে, সবার দুঃখে তার মন কাঁদে, সত্যি কথা সহজ ভাবে বলতে পারে।

মিথ্যা আর ভয় দুটো শব্দ দুর্গার অভিধানে নেই। এইতো কয়েকদিন আগে একটা বিরাট ঘটনা ঘটলো। বেশ কয়েকদিন ধরেই স্কুল যাবার সময় দুর্গা লক্ষ্য করছে চার-পাঁচটা বাচ্ছা পালেদের আমগাছের নিচে বসে জটলা করছে, সবাইকে না চিনলেও আমেদ চাচার ছেলেকে সে চেনে। একদিন স্কুল থেকে ফেরার সময় রাস্তায় আমেদ চাচার সাথে দেখা,

দুর্গা: চাচা তোমার ছেলে প্রতিদিন আমতলায় বসে আরো কয়েকটা ছেলের সাথে গুলি খেলে, স্কুল যায় না কেন?

আমেদ চাচা : স্কুল যাবে বলে তো বেরোয় দিদিভাই, পেটে খিদে নিয়ে তো পড়াশুনো করা যায় না, কি বলি বোলো

দুর্গা: এটা কেন বলছো? এখন তো স্কুলে মিডডে মিল দেয়, যাতে বাচ্ছারা প্রতিদিন খাবার লোভে স্কুলে যায়। তাতে বাচ্ছারা খাবার ও পাবে আর পড়াশুনো ও করবে।

আমেদ চাচা : না দিদিভাই, দেয় না, মিড্ ডে মিল এর টাকা পঞ্চায়েত অফিস থেকে পার্টার লোকেদের মধ্যে ভাগ হয়ে যায়, স্কুল অন্দি পৌঁছায় না।

দুর্গা : কি বলছো তুমি চাচা? এ আবার হয় নাকি ?

দুর্গার মাথায় কিছুই ঢুকলো না, কে টাকা নিয়ে নিচ্ছে, কেন নিয়ে নিচ্ছে? কিছুই বুঝতে পারলো না। রাতে বাবা বাড়ি ফিরলে, বাবার স্মার্ট ফোন টা নিয়ে গুগলে এ সার্চ করলো মিডডে মিল ফান্ডিং, সাপ্লাই। ইংরাজি ভালো না বলতে পারলেও, খুব ভালো পড়তে আর বুঝতে পারে।

সেই যেদিন রানাদা কে ঘুড়ি কাটা নিয়ে উপদেশ দিয়েছিলো তার পরদিন রানাদার কাছে প্রাইভেট টিউশনি পড়ার অফার টা এলো। স্বপন বাবু তো অবাধ, এতো হাতে চাঁদ পাওয়া। রানা হায়ারসেকেন্ডারি পরীক্ষায় গোটা রাজ্যে এ দশম হয়েছিল। ও পড়াবে শুনে এককথায় রাজি হয়ে গেলো।

টিউশন এর প্রথম দিনই রানাদা দুর্গাকে বলেছিলো, দুর্গা, বই টা তো মন দিয়ে পড়বি কিন্তু বই এর বাইরেও অনেক কিছু জানতে হবে, পৃথিবীটা যেভাবে এগিয়ে যাচ্ছে তোকে তার সাথে মানাতে হবে, তবেই তুই তোর নিজের আর অন্যের জীবন বাঁচিয়ে নিয়ে এগোতে পারবি। আর তোকে ইংরাজি টা ভালো ভাবে শিখতে হবে। সোশ্যাল মিডিয়ায় একাউন্ট করতে হবে, সোশ্যাল মিডিয়ার সমাজের ওপর বিরাট প্রভাব আছে। যারা এর ভালো দিকটা ব্যবহার করতে জানে তারা এটা দিয়ে সমাজের অনেক সমস্যা মানুষের গোচরে আনতে পারে, তার সমাধান করতে পারে।

রানাদার "নিজের আর অন্যের জীবন " কথাটা দুর্গার খুব ভালো লেগেছিলো, বাহ্। কি সুন্দর কথা। জীবন তো একে অন্যের সাথে বাঁধা, দুর্গার কাছে নিজের আর পরের জীবন বলে আলাদা কিছু হয় না।

মিড ডে মিল নিয়ে বাকিটা তো একটা গল্পের মতো হলো। গুগলে সার্চ করে যা জানা গেলো সেটা থেকে দুর্গা বুঝে



গেলো পুরো ব্যাপারটার দায়িত্ব ব্লক ডেভেলপমেন্ট অফিসের মানে যাকে বিডিও অফিস বলে। বিডিও স্যারকে চিঠি লেখা হলো, পরের দিন ওই চিঠি নিয়ে ১০ টায় বিডিও অফিস এ অফিসার এর ঘরের সামনে ধর্না। বিডিও সাহেবের চাপরাশি অফিসে ঢুকতে গিয়ে দুর্গা কে দেখতে পেলো।

চাপরাশি: তুমি এখানে কি করছো?

দুর্গা: বিডিও স্যারের সাথে দেখা করবো, ওনার তো ১০ টায় আসার কথা।

চাপরাশি : স্যার ১২ টায় আসবেন। তোমার কি দরকার আমায় বলো

দুর্গা: আমার স্কুল ১১ টায় শুরু, স্যার দেরিতে এলে আমারও স্কুল যেতে দেরি হবে। হেড ম্যাম জিগ্যেস করলে বলবো বিডিও অফিসে কাজ ছিল কিন্তু স্যার দেরিতে অফিসে এলেন তাই আমার স্কুল আসতে দেরি হলো

শুনে চাপরাশি ঘাবড়ে গেলো, ইন্টারনেট এর যুগে কি কি যে হচ্ছে, কোথা থেকে খবর কিভাবে বেরিয়ে পড়ছে কেউ জানে না। চাপরাশি বিডিও স্যার কে ফোন করলো, স্যার একটি স্কুলের মেয়ে আপনার সাথে দেখা করতে চায়, দেখা করে স্কুল এ যাবে বলছে।

বিডিও সাহেব ১৫ মিনিটের মধ্যে হাজির। দুর্গার চিঠি পরে জিগ্যেস করলো, ও তোমার ভাই বুঝি এই স্কুলে পড়ে? দুর্গা বললো, হ্যাঁ স্যার আমার অনেক ভাই, অনেক বোন ওই স্কুলেই পড়ে কিন্তু তারা আর স্কুল যাচ্ছে না, রাস্তায়, মাঠে গুলি খেলছে আর এর ওর বাগানে এটা সেটা চুরি করছে, ধরা পড়ে শাস্তি পাচ্ছে। অনেক বাচ্চার শৈশব নষ্ট হচ্ছে স্যার, ওদের যা নেয় পাওনা তা ওরা পাচ্ছে না, ওদের ভবিষৎ নষ্ট হচ্ছে। আপনি আমায় এই কপি তে একটা রিসিপ্ট করে দিন, আমার দেরি হয়ে যাচ্ছে, ১১ টায় স্কুলে ঢুকবো। গুরুত্বপূর্ণ চিঠি হলে তার একটা রিসিপ্ট রাখতে হয়, এটা আশীষ জেঠু ওরফে গল্পদাদু একদিন বলেছিলো, ওনার অতি কষ্টে জমানো সব সঞ্চয়, ওনার নিজের ভুলে, শুধু মানুষকে বিশ্বাস করে উনি হারিয়েছিলেন। দুর্গা বলেছিলো জেঠু বিশ্বাস করা ভুল না কিন্তু হ্যাঁ তোমার আজ এই কষ্টের জন্য ওই বিশ্বাস ই দায়ী, সেটাও ঠিক।

বিডিও সাহেব বুঝতে পারলেন ব্যাপারটাকে সহজ ভাবে নেওয়া ঠিক হবে না উনি সই করে দিলেন। ১১ টা বাজতে ১০ মিনিট বাকি, বিডিও সাহেব দুর্গাকে স্কুলের গেট এর সামনে অর্ধি নিজের মোটরসাইকেলে করে পৌঁছে দিয়ে এলেন।

মিড্ ডে মিল এর টাকা নিয়ে কি হয়, ওনার সব কিছুই জানা। এই ব্যাপারটা যদি পার্টি অফিসে পৌঁছে যায় তাহলে দুর্গা কে হয়তো ওরা ঠিক ম্যানেজ করে নেবে কিন্তু মানুষের কাছে এ খবরটাও পৌঁছে যাবে যে বিডিও র কাজ পার্টির ব্লক সভাপতি করে। উনি সিদ্ধান্ত নিয়ে নিলেন স্কুল টাকে বাঁচাবার চেষ্টা করবেন কিন্তু পার্টির ওপরের লোকদের অর্ডার ছাড়া এটা হবার নয়। বিডিও সাহেব নিজে ডিএম কে চিঠি লিখলেন, আর এমএলএ কে ফোন করে পুরো বেপারটা বললেন। এটাও বললেন যে দুর্গা সোশ্যাল মিডিয়াতে একটিভ। আর এতেই ম্যাজিক এর মতো কাজ হলো। সাত দিনের মধ্যে স্কুল এ পরিদর্শক এসে গেলো, রান্নাঘর এর যা পরিস্থিতি তা নিয়ে রিপোর্ট গেলো। একমাসের মধ্যে রান্নাঘর মেরামত করে রান্না খাওয়া শুরু হয়ে গেলো। পুরো ব্যাপারটা এতো তাড়াতাড়ি হলো যে স্কুলের হেডমাস্টার পর্যন্ত হতবাক। পরে তিনি নিজে দুর্গার বাড়িতে এসে বলেছিলেন, স্কুলটাকে বন্ধ হওয়ার থেকে তুই বাঁচালি মা, বাচ্চাগুলোর ভবিষৎ টা বাঁচলো। তোর দুর্গা নামটা সার্থক।

এই ঘটনার পর, দুর্গার এই লড়াইয়ের খবর অনেকদূর ছড়িয়ে গেলো। খোদ এমএলএ এর কানে তো আগেই পৌঁছেছিল। দুর্গার সমন্ধে খোঁজখবর নেবার জন্য এমএলএ সাহেব ব্লক সভাপতি কে তলব করলেন, এর পেছনে বিরোধী পার্টির হাত আছে কিনা জানার জন্য। পরে যখন খবর পেলেন, রাজনীতির কোনো গন্ধ নেই তখন উনি দুর্গার জন্য কন্যাশ্রী স্কীম থেকে একটা সাইকেল পাঠালেন।

দুর্গা খুব খুশি। বাচ্চা গুলো এখন প্রতিদিন স্কুলে যায়, পড়াশুনো করে, ওদের মুখে হাসি।



দুর্গার দিনগুলো খুবই ব্যস্ততার মধ্যে কাটছে, পড়ার চাপ আছে, পূজোর পরেই টেস্ট আর ছয় মাস পরেই মাধ্যমিক পরীক্ষা, তার ওপর বাড়ির কাজের অনেকটা ওকেই সামলাতে হয়, মা এর বাতের ব্যথাটা কয়দিন হলো খুব বেড়েছে। তার সাথে অপূর বায়না তো লেগেই আছে। দুর্গা সবকিছু বেশ গুছিয়ে সামলে নিয়ে চলছিল। কিন্তু হটাৎ একটা ঘটনা আবার সব কিছু ওলোট পালট করে দিলো।

গল্প দাদুর হঠাৎ করে স্টোক হয়ে গেল, কপাল ভালো ছিল কাজের মেয়েটা তখনও ওনার বাড়িতে ছিল নাহলে তো কেউ জানতেও পারতো না। কাজের মেয়েটা ক্লাবে খবর দিয়েছিলো, ক্লাবের ছেলেরাই অ্যাম্বুলেন্স নিয়ে এসে হাসপাতাল এ নিয়ে গেছে।

খবরটা শোনার পর দুর্গা আর স্থির থাকতে পারলো না। বাবা অনেক বোঝালেন, ছয় মাস পরে তোর ফাইনাল পরীক্ষা, তুই চিন্তা করিস না আমরা দেখছি কি করা যায়। কিন্তু দুর্গা স্থির দৃষ্টিতে বাবার দিকে তাকিয়ে বললো গল্পদাদুর নিজের কেউ নেই, সারা জীবন উনি অনেক মানুষের উপকার করেছেন কিন্তু কেউ কেউ ওনাকে ঠকিয়েছেন, তাই জীবনের প্রতি ওনার একটা ভুল ধারণা তৈরি হয়েছে। ওনার বাঁচার ইচ্ছা নেই। তোমরা এ কাজ পারবেনা, এটা আমাদেরই করতে হবে, পরীক্ষা নিয়ে আমি চিন্তা করি না, ওটা ঠিক হয়ে যাবে।

